# জ্যোৎস্না

আষাঢ়ের ভিজে জোৎস্নাকে আমি একটিও
শুকনো কাপড় দিইনি বরং মনে পড়ছিল, সে একদিন
পুকুরে ডুব দিয়েই ঘরের দিকে হেঁটে গেছে।
আমি দেখেছিলাম ব'লে তার কি লজ্জা

সকালটা এলো বললো না একবারও
কাল ছিল পূর্ণিমা। আমার কেবলই পূর্ণিমার কথা
বলতে ইচ্ছে করছে। রমেশও এলো
একবারও উচ্চারণ করলোনা, গতকালের রাত্রির রূপ

ডালিয়াদের উঠোনে কি জ্যোৎস্না প'ড়েছিল
রাখালীদের গোয়ালে ?
আমি একবার দেখেছি, জ্যোৎস্নার ভিতর দিয়ে
ছাতা মাথায় হেঁটে যাচ্ছে একজন

নির্মল হালদার

সৃষ্টিসন্ধান

Phone: 98302 43310
email: editor@srishtisandhan.com